উপজেলা পরিষদের মাসিক সভার কার্যবিবরণী (মাসঃ অক্টোবর/২০২১)

অধিবেশনঃ-১১০

উপদেষ্টা : জনাব আনোয়ারুল আবেদীন খান (তুহিন), মাননীয় জাতীয় সংসদ সদস্য

১৫৪-ময়মনসিংহ-৯, নান্দাইল, ময়মনসিংহ ।

সভাপতি : জনাব হাসান মাহমুদ জুয়েল, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নান্দাইল ।

স্থান : উপজেলা পরিষদ সভা কক্ষ ।

তারিখ : ২৬ অক্টোবর, ২০২১ খ্রিঃ ।

সময় : বেলা ১১.০০ ঘটিকা ।

সভায় উপস্থিত সম্মানিত সদস্যগণের হাজিরা পরিশিষ্ট 'ক' তে সংযুক্ত ।

সভার প্রারম্ভে সভাপতির অনুরোধক্রমে পবিত্র কোরআন থেকে তেলাওয়াত করেন উপজেলা পরিষদ জামে মসজিদের সহকারী ইমাম জনাব আবু বক্কর সিদ্দিক । অতঃপর চেয়ারম্যান, উপজেলা পরিষদ নান্দাইল এর অনুমতিক্রমে উপজেলা নির্বাহী অফিসার নান্দাইল কর্তৃক আলোচ্যসূচী অনুযায়ী সভার কাজ নিম্ন বর্ণিতভাবে আরম্ভ করেন :

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| **০১ । উপজেলা নির্বাহী অফিসার বিগত সভার কার্যবিবরণী পাঠ করেন ।** | **বিগত সভার কার্যবিবরণীতে কোন সংযোজন ও বিয়োজন না থাকায় এবং কোন সংশোধনী প্রস্তাব উত্থাপিত না হওয়ায় তা সর্বসম্মতিক্রমে গৃহীত ও অনুমোদিত হয় ।** | **সংশ্লিষ্ট সদস্যগণ ।** |
| **০২ । মাননীয় জাতীয় সংসদ সদস্য মহোদয় সভা জানান যে,** অত্র উপজেলায় অবস্থিত ঐতিহ্যবাহী দেওয়ানগঞ্জ ইসলামিয়া উচ্চ বিদ্যালয়টিতে অভ্যন্তরীন বিভেদ-কোন্দল ও বহিরাগত স্বার্থাণ্বেষী কতিপয় ব্যক্তির রোষানলে পরে প্রায় ১২ (বারো) বছর ধরে প্রধান শিক্ষকের পদটি শূণ্য ও বিধিমোতাবেক বিদ্যালয়ের পরিচালনা কমিটি না থাকায় প্রতিষ্ঠানটিতে এক ধরনের অরাজকতা ও অবলাবস্থার সৃষ্টি হয়েছে। এমনকি শিক্ষক-শিক্ষার্থী হ্রাস ও সরকারের সকল উন্নয়নমূলক কর্মকান্ড হতে বঞ্চিত হয়ে আসছে। দীর্ঘদিন ধরে সহকারী প্রধান শিক্ষক ভারপ্রাপ্ত প্রধান শিক্ষকের দায়িত্ব পালন করলেও ইতোমধ্যে অবসরজনিত কারনে এই পদটিও শূণ্য হয়ে যায়। এহেন সংকটময় ও বিব্রতকর পরিস্থিতে বিদ্যালয়টির সার্বিক স্বার্থ বিবেচনায় সর্ববয়োজেষ্ঠ্য না হলেও অত্র প্রতিষ্ঠানের সিনিয়র শিক্ষক (গণিত) শামীমা ইয়াসমীন বি,এস,সি, বি,এডকে ভারপ্রাপ্ত প্রধান শিক্ষকের দায়িত্ব প্রদানের জন্য প্রস্তাব উত্থাপন করেন । | দেওয়ানগঞ্জ ইসলামিয়া উচ্চ বিদ্যালয়ে দীর্ঘদিন ধরে সহকারী প্রধান শিক্ষক ভারপ্রাপ্ত প্রধান শিক্ষকের দায়িত্ব পালন করলেও ইতোমধ্যে অবসরজনিত কারনে এই পদটিও শূণ্য হওয়ায় বিদ্যালয়ের সার্বিক স্বার্থ বিবেচনায় সর্ববয়োজেষ্ঠ্য না হলেও অত্র প্রতিষ্ঠানের সিনিয়র শিক্ষক (গণিত) শামীমা ইয়াসমীন বি,এস,সি, বি,এডকে ভারপ্রাপ্ত প্রধান শিক্ষকের দায়িত্ব প্রদানের জন্য উপস্থিত সকল সদস্যগণ একমত পোষন করেন এবং উক্ত বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থ্য গ্রহণের জন্য উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয় । | চেয়ারম্যান উপজেলা পরিষদ, নান্দাইল/ উপজেলা নির্বাহী অফিসার, নান্দাইল । |
| তিনি আরও জানান যে, পাছদরিল্লা সরকারী প্রাথমিক বিদ্যালয়ের ভবন নির্মাণ কাজ বন্ধ রয়েছে। জরুরী ভিত্তিতে ভবন নির্মাণ কাজ সমাপ্ত করার জন্য উপজেলা প্রকৌশলী, নান্দাইলকে পরামর্শ প্রদান করেন । | উপসহকারী প্রকৌশলী জনাব শেখ শামসুজ্জামন সংশ্লিষ্ট ঠিকাদারের সাথে যোগাযোগ করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয় । | উপজেলা প্রকৌশলী/সংশ্লিষ্ট উপসহকারী প্রকৌশলী (এলজিইডি), নান্দাইল । |
| উপজেলা সমবায় কর্মকর্তার অফিসের কার্যক্রম বিষয়ে আলোচনা করেন এবং এবিষয়ে পরবর্তী সভায় অফিসের কার্যক্রমের পূর্ন তালিকা উত্থাপনের জন্য পরামর্শ প্রদান করেন । | উপজেলা সমবায় কর্মকর্তার অফিসের কার্যক্রমের পূর্ন তালিকা আগামী সভায় দাখিলের সিদ্ধান্ত গৃহীত হয় । | উপজেলা সমবায় কর্মকর্তা, নান্দাইল । |
| প্রায় প্রতিটি ইউনিয়নে উপসহকারী কৃষি কর্মকর্তাগনের সীড স্টোর ও বসবাসের জন্য কোয়ার্টারগুলি পরিত্যাক্ত অবস্থায় রয়েছে। সীড স্টোরসহ কোয়ার্টার মেরামতের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয় । | উপসহকারী কৃষি কর্মকর্তাগনের সীড স্টোর ও বসবাসের জন্য কোয়ার্টারগুলি মেরামতের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয় । | সংশ্লিষ্ট কর্তৃপক্ষ/সদস্যগণ |
| **০৩ । উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে,** অত্র উপজেলায় আসন্ন সেচ মৌসুমে সেচের লাইসেন্সের জন্য দূরত্ব পরিমাপ করে নীতিমালা মোতাবেক সেচ লাইসেন্স প্রদান করার বিষয়ে উপসহকারী প্রকৌশলী (বিএডিসি) কে পরামর্শ প্রদান করেন । | আসন্ন সেচ মৌসুমে সেচের লাইসেন্সের জন্য দূরত্ব পরিমাপ করে নীতিমালা মোতাবেক সেচ লাইসেন্স প্রদানের জন্য সিদ্ধান্ত গৃহীত হয় । | উপসহকারী প্রকৌশলী (বিএডিসি) নান্দাইল । |

| | | |
|---|---|---|
| উপজেলা খাদ্য নিয়ন্ত্রণ কর্মকর্তার খাদ্য গুদামে মজুদ (স্টক) বিষয়ে আলোচনা করেন ।<br>উপজেলা সমন্বয়কারী, আমার বাড়ি আমার খামারকে নতুন অফিস ভবন রং করন কাজের বিষয়ে পরামর্শ প্রদান করেন । | আমার বাড়ি আমার খামার ভবনের রং করন কাজটি সমাপ্ত করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয় । | উপজেলা সমন্বয়কারী, আমার বাড়ি আমার খামার, নান্দাইল । |
| **০৪ । উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা** কোভিড-১৯ করোনা ভ্যাকসিনেশন ২য় ডোজ কার্যক্রম বিষয়ে আলোচনা করেন ।<br>কোভিড-১৯ টেস্ট এর রিপোর্ট নেগেটিভ আসছে ।<br>ভ্যাকসিন সর্ম্পকে জানার জন্য উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের ফেইসবুক পেইজে যোগাযোগ করা যাবে, এবিষয়ে সকলকে অবহিত করেন ।<br>উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের আবাসিক এলাকার রাস্তায় কিছু বহিরাগত ছেলেরা সন্ধার পর চলাফেরা করে । তাদের চলাফেরার গতি সন্দেহজনক হওয়ায় চিকিৎসকগন কোয়ার্টারে যেতে ভয় পায় । এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রস্তাব উথাপন করেন ।<br>প্রাথমিক ও মাধ্যমিক পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠানে ৩০ অক্টোবর/২১ হতে ৫ নভেম্বর/২১ পর্যন্ত পালিত হবে ২৫তম জাতীয় কৃমি নিয়ন্ত্রণ কার্যক্রম । প্রাথমিক ও মাধ্যমিক পর্যায়ের সব শিক্ষাপ্রতিষ্ঠানে উপস্থিতির মাধ্যমে ৫ থেকে ১৬ বছর বয়সী সকল ছাত্র-ছাত্রীদেরকে ১ ডোজ কৃমিনাশক ঔষধ (মেবেন্ডাজল ৫০০ মিগ্রা) ভরাপেটে সেবন করানো হবে ।<br>সকলকে মাস্ক ব্যবহার এবং স্বাস্থ্য বিধি মেনে চলার জন্য আহবান জানান । | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তার কার্যালয়ের সকল কার্যক্রম সরকারী নির্দেশনা মোতাবেক সফল বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয় । | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, নান্দাইল । |
| **০৫ । উপজেলা প্রাণী সম্পদ বিভাগ ঃ** উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রয়েছে । উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তার পদোন্নতি ও বদলীর বিষয়ে সভায় অবহিত করেন । | বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রাখা এবং পরবর্তী কর্মস্থলে যোগদান না করা পর্যন্ত অত্র উপজেলায় কার্যক্রম পরিচালনার সিদ্ধান্ত গৃহীত হয় । | উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা, নান্দাইল । |
| **০৬ । উপজেলা কৃষি বিভাগ ঃ** অত্র উপজেলায় ২০২১-২০২২ অর্থ বছরে ২২৩৬০ হেক্টর জমিতে রোপা আমন রোপন সম্পন্ন হয়েছে । রোপা আমন ফসলের সর্বোচ্চ ফলন নিশ্চিত করতে রোগবালাই পোকা-মাকড় এবং ইঁদুর দমনে মাঠ পর্যায়ে কর্মরত উপসহকারি কৃষি কর্মকর্তাগণ সর্বদা কৃষকদের পাশে থেকে প্রয়োজনীয় পরামর্শ প্রদান করে যাচ্ছেন ।<br><br>২০২১-২০২২ অর্থ বছরে রবি মৌসুমে প্রণোদনা কর্মসূচীর আওতায় গম-৮০০, ভূট্ট-২০০০, সরিষা-৬০০, সূর্যমুখি-১০, চিনাবাদাম-২০, শীতকালিন পেঁয়াজ-৩০ জন/বিঘা জমি আবাদ ও উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের মাঝে বিনামূল্যে বীজ ও রাসায়নিক সার বিতরণের প্রণোদনা কর্মসূচীর বরাদ্দ পাওয়া যায় । উক্ত বরাদ্দ ইউনিয়ন ভিত্তিক বিভাজন করা হবে ।<br><br>চলতি অক্টোবর/২০২১ মাসে ২৪৭ মেঃটন ইউরিয়া সার বরাদ্দ প্রদান করা হয়েছিল, যার মধ্যে ১৭৯ মেঃটন সার উত্তোলন করা হয়েছে । অদ্য পর্যন্ত ইউরিয়া-১৭০ মেঃটন, টিএসপি-৬১ মেঃটন, ডিএপি-৭৫ মেঃটন, এবং এমওপি-৮৬ মেঃটন, সার মজুদ রয়েছে । নিয়মিত ডিলারগণ রাসায়নিক সার উত্তোলন করে আসছেন । ইউরিয়া ও নন-ইউরিয়া সারের আগমনী বার্তা সঠিক সময়ে উপজেলা কৃষি অফিসারের কার্যালয়ে জমা প্রদানের জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে । সারের মূল্য যেন বৃদ্ধি না পায় সে জন্য সর্বদা দোকান মনিটরিং করা হচ্ছে । | রোপা আমন ফসলের সর্বোচ্চ ফলন নিশ্চিত করতে রোগবালাই পোকা-মাকড় এবং ইঁদুর দমনে মাঠ পর্যায়ে কর্মরত উপসহকারি কৃষি কর্মকর্তাগণ সর্বদা কৃষকদের পাশে থেকে প্রয়োজনীয় পরামর্শ প্রদানের কার্যক্রমটি অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয় ।<br><br>২০২১-২০২২ অর্থ বছরে রবি মৌসুমে প্রণোদনা কর্মসূচীর আওতায় প্রকৃত ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের মাঝে বিনামূল্যে বীজ ও রাসায়নিক সার নীতিমালা মোতাবেক বিতরণের সিদ্ধান্ত গৃহীত হয় ।<br><br>কোন ধরনের রাসায়নিক সারের সংকট যেন না হয় এবং মনিটরিং ব্যবস্থা জোরদার করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয় । | উপজেলা কৃষি কর্মকর্তা, নান্দাইল । |
| **০৭ । উপজেলা প্রকৌশল বিভাগ :** উপজেলা প্রকৌশলীর প্রতিনিধি সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রয়েছে । | পাছদরিল্লা সরকারী প্রাথমিক বিদ্যালয়ের ভবন নির্মাণ কাজের সংশ্লিষ্ট ঠিকাদারের সাথে যোগাযোগ করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয় । | উপজেলা প্রকৌশলী, নান্দাইল । |

| | | |
|---|---|---|
| ০৮। **উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে,** অত্র নান্দাইল উপজেলায় সেপ্টেম্বর/২১ মাসের মাসিক অগ্রগতি রিপোর্ট অনুযায়ী ৮৪৫৩৫ সক্ষম দম্পতিদের মধ্যে পদ্ধতি গ্রহণকারীর সংখ্যা ৬৬২১০ এবং পদ্ধতি গ্রহণকারীর হার ৭৮.৪৯% সেপ্টেম্বর/২১ মাসে স্থায়ী ও অস্থায়ী দীর্ঘমেয়াদী পদ্ধতি গ্রহীতার সংখ্যা স্থায়ী পদ্ধতি গ্রহীতার সংখ্যা পুরুষ-০২ জন, মহিলা-১ জন,ইমপ্ল্যান্ট অস্থায়ী ও দীর্ঘমেয়াদী-৪৩, কপার-টি-১৭, নিবন্ধিত গর্ভবতীর সংখ্যা-১৫৭৬ জন। স্যাটেলাইট ক্লিনিক প্রোগ্রাম সেবা কার্যক্রম চলমান রয়েছে। | বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রাখতে হবে। | উপজেলা পঃ পঃ কর্মকর্তা, নান্দাইল। |
| ০৯। **উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জানান যে,** উপজেলাওয়ারী টি আর, কাবিটা/কাবিখা ১ম পর্যায় বরাদ্দের বিপরীতে প্রকল্প তালিকা অনুমোদন নিয়ে আলোচনা করা হয়। | উপজেলাওয়ারী টি আর, কাবিটা/কাবিখা ১ম পর্যায় বরাদ্দের বিপরীতে প্রকল্প তালিকা অনুমোদন এবং দ্রুত প্রকল্পের কাজ নীতিমালা মোতাবেক বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, নান্দাইল। |
| ১০। **উপজেলা শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে,** ১৭৮টি প্রাথমিক বিদ্যালয়ের শ্রেণী পাঠদান কার্যক্রম চলছে। কুতুবপুর পিয়ারজন সরকারি প্রাথমিক বিদ্যালয়ের জমি সংক্রান্ত সমস্যার সমাধান হয়েছে। বিদ্যালয় ভবনের নির্মাণ কাজ দ্রুত শুরু করার জন্য প্রস্তাব উত্থাপন করেন। | কুতুবপুর পিয়ারজন সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ভবনের নির্মাণ কাজ দ্রুত শুরু করার জন্য উপজেলা প্রকৌশলী নান্দাইল প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী, নান্দাইল/উপজেলা শিক্ষা কর্মকর্তা নান্দাইল। |
| ১১। **উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে,** মাধ্যমিক পর্যায়ের ১২-১৭ বৎসর বয়সী শিক্ষার্থীদের ভ্যাকসিন এর তথ্য সংগ্রহের কাজ চলমান রয়েছে।<br>১৪/১১/২১ থেকে এসএসসি পরীক্ষা/২১ শুরু হবে।<br>ব্যানবেইস এর শিক্ষা জরীপ/২০২১ কাজ সমাপ্ত হয়েছে। | মাধ্যমিক পর্যায়ে ১২-১৭ বৎসর বয়সী শিক্ষার্থীদের ভ্যাকসিনেশন কার্যক্রম এবং এসএসসি পরীক্ষা/২১ সফল বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, নান্দাইল। |
| ১২। **উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান যে,** অত্র অফিসের আওতায় সকল ভাতাভোগীগণ দ্রুত তাদের ভাতার অর্থ পেয়ে যাবেন। বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | উপজেলা সমাজসেবা কর্মকর্তার কার্যালয়ের আওতায় সকল ভাতাভোগীগণের ভাতার টাকা মোবাইলে আসার সাথে সাথে সংশ্লিষ্ট ভাতাভোগীগণ দ্রুত তাদের ভাতার টাকা উত্তলনের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, নান্দাইল। |
| ১৩। **উপজেলা যুব উন্নয়ন কর্তকর্তা সভায় জানান,** চলতি অর্থ বছরে ২টি ব্যাচে ৬০ জনকে প্রশিক্ষণ করা হয়েছে। আত্মকর্মসংস্থান হয়েছে ২০ জন। চলমান মাসে ঋণ সংক্রান্ত অগ্রগতির বিস্তারিত আলোচনা করেন। | বিভাগীয় প্রশিক্ষণগুলি নীতিমালা মোতাবেক সফল বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, নান্দাইল। |
| ১৪। **উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান যে,** বাল্য বিবাহ প্রতিরোধে চেয়ারম্যান মেম্বারদের সহযোগীতার বিষয়ে আলোচনা করেন। ভিজিডি খাদ্য বিতরণ,কশোর-কিশোরী ক্লাব, ফ্যাশন ডিজাইন ও ফুড প্রসেসিং প্রশিক্ষণের কার্যক্রম বিষয়ে আলোচনা করেন। | নীতিমালা মোতাবেক বিভাগীয় কার্যক্রম বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, নান্দাইল। |
| ১৫। **উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে,** বিআরডিবি এর পিআরডিবি-৩ প্রকল্পের কার্যক্রম এবং ইউসিসিএর কমিটির গঠন বিষয়ে আলোচনা করেন। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসের ইউসিসিএর এডহক কমিটিতে উপজেলা কৃষি অফিসার নান্দাইলকে সভাপতি করে এডহক কমিটি গঠনের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, নান্দাইল/ উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, নান্দাইল। |
| ১৬। **ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সস্টেশণ অফিসার জানান যে,** সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রাখতে হবে। | ষ্টেশন অফিসার, নান্দাইল। |
| ১৭। **উপ-সহকারি প্রকৌশলী (জনস্বাস্থ্য) জানান যে,** অত্র অফিসের আওতায় ওয়াশ ব্লকের কার্যক্রম এবং নলকূপ স্থাপনের বরাদ্দ বিষয়ে আলোচনা করেন। | ওয়াশ ব্লকের কাজ এবং নলকূপ স্থাপনের কাজগুলি সঠিকভাবে নীতিমালা মোতাবেক বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপ-সহকারি প্রকৌশলী (জনস্বাস্থ্য) নান্দাইল। |
| ১৮। **ডিজিএম (কিপবিস) নান্দাইল সভায় জানান যে,** নান্দাইল জোনাল অফিসের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তবে সমিতির বকেয়ার পরিমান দিন দিন বাড়ছে। খুব শীঘ্রই বকেয়ার জন্য সংযোগ বিচ্ছিন্ন করার কার্যক্রম পরিচালনা করা হবে। এ | বকেয়ার অর্থ উত্তলনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ডিজিএম (কিপবিস) নান্দাইল জোনাল অফিস। |

অতঃপর সভায় আর কোন্ আলোচনা না থাকায় সভাপতি ও চেয়ারম্যান উপজেলা পরিষদ, নান্দাইল, ময়মনসিংহ কর্তৃক উপস্থিত সম্মানিত সকল সদস্যগণকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৮।১০।২২

(হাসান মাহমুদ জুয়েল)
সভাপতি
উপজেলা পরিষদ মাসিক সাধারণ সভা
ও
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
নান্দাইল, ময়মনসিংহ।

তারিখ ঃ-২৬/১০/২০২১ খ্রিঃ।

স্মারকনং- ৪৬.৪৫.৬১৭২.০০০.০৬.০০১.২০-২৩২

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো :-

১। মাননীয় সংসদ সদস্য, ১৫৪- ময়মনসিংহ- ৯, নান্দাইল।
২। বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।
৩। জেলা প্রশাসক, ময়মনসিংহ।
৪। সিনিয়র সহকারী সচিব, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা শাখা-১/উপজেলা শাখা-২ বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। মেয়র, নান্দাইল পৌরসভা, নান্দাইল, ময়মনসিংহ।
৬। জনাব মোঃ সারোয়ার হাসান, ভাইস চেয়ারম্যান উপজেলা পরিষদ, নান্দাইল, ময়মনসিংহ।
৭। জনাব মনোয়ারা জুয়েল, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নান্দাইল, ময়মনসিংহ।
৮। উপজেলা ------------------------------------------------- অফিসার, নান্দাইল, ময়মনসিংহ।
৯। চেয়ারম্যান --------------------------------ইউনিয়ন পরিষদ, নান্দাইল, ময়মনসিংহ।
১০। অফিস কপি।

২৮। ১০। ২২

(মোহাম্মদ আবুল মনসুর)
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
ও
উপজেলা নির্বাহী অফিসার
নান্দাইল, ময়মনসিংহ।